দর্শনার হিমেল আবাসিক হোটেলে অসামাজিক কার্যকলাপ অবস্থায় বিজিবি সদস্য সহ যুবতী আটক

চুয়াডাঙ্গা জেলার দর্শনার হিমেল আবাসিক হোটেলে অসামাজিক কার্যকলাপে লিপ্ত অবস্থায় একজন বিজিবি সদস্য সহ একজন যুবতী মেয়েকে আটক করা হয়েছে।

পুলিশ জানায় গতকাল বিকাল সাড়ে ৪ ঘটিকার সময় গোপন সংবাদের ভিত্তিতে দর্শনা থানার ওসি মাহাবুবুর রহমান কাজল এর নির্দেশে এস আই জাকির এবং সঙ্গীয় ফোর্স নিয়ে দর্শনার হিমেল আবাসিক হোটেলে অভিযান চালিয়ে ৩০২ নাম্বার রুম থেকে অসামাজিক কার্যকলাপ অবস্থায় একজন বিজিবি সদস্য এবং একজন যুবতী মেয়েকে আটক করা হয়।

জানা গেছে, কুষ্টিয়া মিরপুরের ৪৭ বেটেলিয়ান এর বিজিবি মোঃ সোহেল রানা (৩৮) গ্রাম সেগুনা থানা বেলকুচি জেলা সিরাজগঞ্জ, পিতা মৃত বদিউজ্জামান এর ছেলে।

আটককৃত বিজিবি মোঃ সোহেল রানার লাঃ নাঃ ৬৪২৮৫ এবং আটককৃত মেয়ের নাম হেনা খাতুন (২৩) গ্রাম সিংদিয়া জেলা ও থানা নড়াইল পিতা মোঃ শফিকুল এর মেয়ে।

আটকৃত হেনা খাতুন জানায় ফেসবুকের মাধ্যমে তাদের প্রেম হয় এবং ভিক্টোরিয়া কলেজের ৩য় বর্ষে পড়াশুনা করছে। পুলিশ জানায় তাদের বিরুদ্ধে মামলা দায়ের করা হয়েছে।

দর্শনার ফুলবাড়ী সীমান্ত থেকে দেড় কোটি টাকার সোনার বার

আটক

চুয়াডাঙ্গার দর্শনা থানার ফুলবাড়ী সীমান্ত এলাকা থেকে দুই কেজি ৪০০ গ্রাম ওজনের আটটি সোনার বার আটক করেছে বিজিবি। আটক করা সোনার বারের দাম এক কোটি ৫২ লাখ দুই হাজার ৩৭৫ টাকা বলে জানায় বিজিবি। সোমবার সন্ধ্যায় পাঠানো সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য নিশ্চিত করেছে চুয়াডাঙ্গা-৬ বিজিবি ব্যাটালিয়ন।

চুয়াডাঙ্গা-৬ বিজিবি ব্যাটালিয়নের পরিচালক লে. কর্নেল মোহাম্মদ খালেকুজ্জামান জানান, গোপন সংবাদের ভিত্তিতে সোমবার বেলা ১১টার দিকে ফুলবাড়ী সীমান্তে অভিযান চালানো হয়।

এসময় সীমান্তের ৮৬ নং মেইন পিলার হতে এক কিলোমিটার বাংলাদেশের অভ্যন্তরে চাকুলিয়া বিলের মধ্যে প্লাস্টিকের বস্তা হাতে এক ব্যক্তিকে দেখতে পায় বিজিবির টহলদল। অজ্ঞাত ওই ব্যক্তিকে চ্যালেঞ্জ করলে সে সাথে থাকা ব্যাগটি ফেলে পালিয়ে যায়। পরে ব্যাগটি উদ্ধার করে তল্লাশী করলে তার মধ্যে দুই কেজি ৪০০ গ্রাম ওজনের ৮টি সোনার বার পাওয়া যায়।

বিজিবি পরিচালক আরো জানান, আটক করা সোনার বার চুয়াডাঙ্গা ট্রেজারি অফিসে জমা করা হয়েছে।

দর্শনায় নারী ও শিশু ধর্ষণ বন্ধ এবং ধর্ষকদের বিচারের দাবীতে মানববন্ধন

জাগো বাংলাদেশ শ্লোগানে চুয়াডাঙ্গা জেলার দর্শনায় নারী ও শিশু ধর্ষণ বন্ধ ও ন্যায় বিচারের দাবীতে মানববন্ধন অনুষ্ঠিত হয়েছে। গতকাল সকাল ১০ টায় দর্শনা ওয়েভ ফাউন্ডেশনের উদ্যোগে রেলবাজার বটতলা মুজিবনগর সড়কে এই মানববন্ধন অনুষ্ঠিত হয়। এ মানব বন্ধনে ৭টি সংগঠন অংশ নেয়।

এসব সংগঠনের মধ্যে ছিলো দর্শনা প্রেসক্লাব, ইয়থ এসেম্বেলি, কিশোর-কিশোরী সংগঠন, সমৃদ্ধি যুব ফোরাম, পারকৃষ্ণপুর যুব ফোরাম, চুয়াডাঙ্গা জেলা লোকমোর্চা, ওয়েভ ফাউন্ডেশন, দর্শনা পৌর প্রবীণ কমিটি ও ওয়েভ ট্রেড টেনিং সেন্টারসহ ব্যক্তিগত অনেকেই এ মানববন্ধনে অংশ নেয়।

মানববন্ধনে বক্তব্য রাখেন দর্শনা প্রবীণ কমিটির সভাপতি দর্শনা সরকারি কলেজের সাবেক অধ্যক্ষ মো: মোশারফ হোসেন, ওয়েভ ফাউন্ডশনের উপ-পরিচালক জহির রায়হান, দর্শনা প্রেসক্লাবের সাধারণ সম্পাদক আওয়াল হোসেন, সাবেক সভাপতি হানিফ মন্ডল,ওয়েভ ফাউন্ডশনের সমন্বয়ক কামরুজ্জামান যুদ্ধ, বিতাব আলী দর্শনা প্রবীণ কমিটির সাধারণ সম্পাদক আকমত আলী, ইয়ূথ এসেম্বলির সহ সভাপতি তুলি, সাধারণ সম্পাদক ফাইজা পল্লী, কিশোর-কিশোরী ক্লাবের পরিচালক পিংকি রানী মল্লিক প্রমুখ। মানববন্ধনে দর্শনার সুধি সমাজ সহ বিভিন্ন সংগঠন অংশ গ্রহণ করেন। মানববন্ধনের সকল অনুষ্ঠান পরিচালনা করেন কামরুজ্জামান যুদ্ধ।

দর্শনা বাস টার্মিনাল নির্মাণ কাজের উদ্বোধন

চুয়াডাঙ্গা জেলার দর্শনা বাস টার্মিনাল এর নির্মাণ কাজের উদ্বোধন করা হয়েছে।

গতকাল সোমবার সকাল ১০ ঘটিকায় দর্শনা বাস টার্মিনাল এর উদ্ভোদন করেন চুয়াডাঙ্গা-২ আসনের এমপি হাজী মোঃ আলী আজগার টগর।

এ সময় উপস্থিত ছিলেন, দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান মোঃ আলী মুনছুর বাবু, দর্শনা পৌর মেয়র মোঃ মতিয়ার রহমান, দর্শনা পৌর প্যানেল মেয়র রবিউল হক সুমন সহ স্থানীয় নেতৃবৃন্দ।

দর্শনা বাস টার্মিনাল নির্মাণ কাজের উদ্বোধন শেষে চুয়াডাঙ্গা-২ আসনের এমপি হাজী মোঃ আলী আজগার টগর বলেন, বর্তমান সরকার উন্নয়নের সরকার। এই সরকার ক্ষমতায় থাকলে দেশ ও দেশের মানুষের

উন্নয়ন হয়। বর্তমান সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা তার অক্লান্ত পরিশ্রমের আর মেধার মাধ্যমে বাংলাদেশকে নিম্ন আয়ের দেশ থেকে মধ্যম আয় এবং তারপর বর্তমানে উন্নয়নশীল দেশ হিসাবে উন্নিত করেছেন।

বর্তমানে বাংলাদেশ আর সেই তলা বিহীন ঝুড়ি নাই। দেশের বড় বড় মেগা প্রজেক্টের কাজ চলছে। এই কাজ গুলো সম্পন্ন হলে বাংলাদেশ বিশ্বের দরবারে আরো মাথা উঁচু করে দাড়াবে। আর তারই ধারাবাহিকতায় আমরা তৃনমূল পর্যায়ে বিভিন্ন উন্নয়ন মূলক কাজ করে চলেছি। আর আগামীতেও এভাবেই উন্নয়নমূলক কাজ আরো করতে চাই।

দর্শনায় আল্লামা শাহ আহমেদ শফী সাহেব (রহ:) স্বরণে দোয়া মাহফিল

চুয়াডাঙ্গা জেলার দর্শনায় বিশ্ব বরেণ্য আলেমে দ্বীন, জাতির রাহবার, শাইখুল ইসলাম আল্লামা শাহ আহমেদ শফী সাহেব (রহ:) স্বরণে আলোচনা সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

গতকাল সকাল ১০ টায় দর্শনা অডিটরিয়াম চত্বরে আলোচনা সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠানে সভাপতিত্ব করেন দর্শনা থানা উলামা পরিষদের সভাপতি মুফতি গোলাম কিবরিয়া ।

অনুষ্ঠানে অতিথি হিসেবে আলোচনা করেন চুয়াডাঙ্গা জেলা উলামা পরিষদের সভাপতি মুফতি জুনায়েদ আল হাবিবী , সাধারণ সম্পাদক মুফতি মোস্তফা কালাম কাসেমী, দর্শনা ইমাম সমিতির সভাপতি মওলানা নূরুল ইসলাম, দর্শনা উলামা পরিষদের সহ সভাপতি মুফতি আনোয়ার হোসেন, মাও হাফিজুর রহমান, মুফতি আব্দুর রাজ্জাক,

সাধারণ সম্পাদক আব্দুল খালেক, সাংগঠনিক সম্পাদক মাও: জাফর ইকবাল, কোষাধ্যক্ষ মাও: আব্দুল খালেক, দপ্তর সম্পাদক মুফতি আবুল বাসার, সদস্য মাও: জুনাইদ মাও: মইনুল ইসলাম প্রমুখ। অনুষ্ঠানে দর্শনা

থানার বিভিন্ন মসজিদ, মাদ্রাসা ইমাম, শিক্ষক ও ছাত্ররা উপস্থিত ছিলেন।

দর্শনার বড়বলদিয়া গ্রমে গাঁজাসহ ২ জন আটক

চুয়াডাঙ্গা জেলার দর্শনা থানা পুলিশের মাদকবিরোধী অভিযানে ১ কেজি গাঁজা সহ বড়বলদিয়া গ্রামের দুই জন আটক হয়েছে।

পুলিশ জানায় গতকাল সকাল ৭ ঘটিকার সময় গোপন সংবাদের ভিত্তিতে ওসি মাহবুবুর রহমান কাজলের নেতৃত্বে রামনগর টু কার্পাসডাঙ্গা হাইওয়ের প্রতিবন্ধী স্কুলের সামনে থেকে ১ কেজি গাঁজাসহ মোঃ বিপ্লব হোসেন (২০), পিতা-মোঃ আপিল উদ্দিন, মোঃ ইমরান হোসেন (২৫), পিতা-মৃত সোহরাব হোসেনকে আটক করা হয়।

দুই জন আসামির বাড়িই বড়বলদিয়া গ্রামে। এ ঘটনায় এস আই আহম্মেদ আলী বিশ্বাস বাদী হয়ে মামলা দায়ের করেন।

দর্শনায় জেলা পুলিশের কর্মকর্তাদের শুভেচ্ছা এবং সম্মাননা স্বারক প্রদান

চুয়াডাঙ্গা জেলার দর্শনা প্রেসক্লাবে জেলা পুলিশের কর্মকর্তাদের ফুলের শুভেচ্ছা এবং সম্মাননা স্বারক প্রদান ২০২০ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে।

চুয়াডাঙ্গা জেলা পুলিশের অতিরিক্ত পুলিশ সুপার মো: কলিমুল্লাহ,

দর্শনা থানার ওসি (তদন্ত) শেখ মাহবুব ও সার্জেন্ট শ্রী মৃত্যঞ্জয় বাংলাদেশ পুলিশের আইজি ব্যাচ, দর্শনা থানার ওসি মাহাবুবুর রহমান কাজল জেলায় ৪ বার শ্রেষ্ঠ ওসি ভূষিত হওয়ায় তাদের কে ফুলেল শুভেচ্ছা ও সন্মাননা স্বারক প্রদান করা হয়েছে।

গতকাল শুক্রবার সকাল ১০ ঘটিকার সময় দর্শনা প্রেসক্লাব ভবনে অনুষ্ঠানটির আয়োজন করা হয়। অনুষ্ঠানটি দর্শনা প্রেসক্লাবের সভাপতি মনিরুজ্জামান ধীরুর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দর্শনা পৌর মেয়র মোঃ মতিয়ার রহমান।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দর্শনা সরকারি কলেজের সাবেক অধ্যক্ষ মোশারফ হোসেন, উপস্থিত ছিলেন দর্শনা প্রেসক্লাবের সেক্রেটারি আওয়াল হোসেন, মাই টিভির চুয়াডাঙ্গা জেলা প্রতিনিধি ইকরামুল হক পিপুল, মেহেরপুর প্রতিদিন পত্রিকার আহসান হাবীব মামুন, হানিফ মন্ডল, মনিরুজ্জামান সুমন, আব্দুর রহমান, বাধন, মাসুম বিল্লাল, মেহেদী হাসান, ওয়াসিম রয়েল, চ্যানেল এস চুয়াডাঙ্গা প্রতিনিধি আফজালুল হক বাদল, ফরহাদ হোসেন সহ দর্শনা প্রেসক্লাবের সকল সাংবাদিক।

রাষ্ট্রয়াত্ত্ব চিনিকল বন্ধের পরিকল্পনার প্রতিবাদে কেরুতে গেট মিটিং

রাষ্ট্রয়াত্ত্ব চিনিকল সমূহ বন্ধের পরিকল্পনার প্রতিবাদে কেন্দ্রিয় কর্মসূচির অংশ হিসাবে চুয়াডাঙ্গা জেলার দর্শনা কেরু এন্ড কোম্পানি চিনিকলে কেরুর শ্রমিক ও কর্মচারী ইউনিয়নের উদ্যোগে গেট মিটিং অনুষ্ঠিত হয়েছে।

বুধবার সকাল ৮ টার সময় কেরুজ কেইন কেরিয়ার চত্তরে অনুষ্ঠিত গেট মিটিংএ সভাপতিত্ব করেন কেরু এন্ড কোম্পানীর শ্রমিক ও কর্মচারী ইউনিয়নের সভাপতি মো.তৈয়ব আলী।

বক্তব্য রাখেন কেরু এন্ড কোম্পানীর শ্রমিক ও কর্মচারী ইউনিয়নের সাধারন সম্পাদক ও বাংলাদেশ চিনিকল শ্রমিক ও কর্মচারী ফেডারেশনের সভাপতি মো.মাসুদুর রহমান মাসুদ, সহ-সভাপতি মো.মোস্তাফিজুর রহমান, যুগ্ন সাধারন সম্পাদক মো.খবির উদ্দীন,সাবেক সাধারন সম্পাদক মনিরুল ইসলাম প্রিন্স, শ্রমিক নেতা ফিরোজ আহমেদ সবুজ প্রমুখ।

বক্তারা বলেন, জাতির জনক বঙ্গবন্ধু বাংলাদেশের বন্ধ হওয়া চিনিকল গুলো চালু করে রাষ্ট্রয়াত্ত্ব ঘোষনা করেছিলেন। মিল গুলোতে অনেক শ্রমিক ও কর্মচারীর সাথে আখচাষী, সাধারন ব্যবসায়ী জীবিকা নির্বাহ করে তাদের সংসার চালিয়ে আসছেন।

এ ছাড়া শ্রমিক ও কর্মচারীর পেটে লাথি না মেরে কি ভাবে মিল গুলো চালু রেখে সেগুলিকে লাভ জনক প্রতিষ্ঠানে পরিনত করা যায় সে দিকে দৃষ্টি দেয়ার আহবান জানিয়েছেন তারা।

এ সময় কেরু এন্ড কোম্পানির সকল শ্রমিক ও কর্মচারী উপস্হিত ছিলেন, অনুষ্ঠানটির আয়োজন করেন কেরু এন্ড কোম্পানির শ্রমিক কর্মচারী ইউনিয়ন দর্শনা চুয়াডাঙ্গা।

দর্শনায় নদীতে গোসল করতে নেমে এক বৃদ্ধা দুইদিন ধরে নিখোঁজ

চুয়াডাঙ্গা জেলার দর্শনা থানার কামারপাড়া বারাদিতে ওয়াজেদ আলী
(৬৫) নামের এক বৃদ্ধা মাথাভাঙ্গা নদীতে গোসল করতে নেমে দুই দিনেও সন্ধান মেলেনি।

এ ঘটনায় দর্শনা লোকনাথপুর ফায়ার সার্ভিসের চৌকস দল পরিদর্শন করেছেন পরিদর্শন শেষে এ বিষয়ে সাব অফিসার হাবিবুর রহমান বলেন, দর্শনা থানার সীমান্তবর্তী এলাকা কামারপাড়া বারাদির বিজিবি ক্যাম্পের পাশে গত ২১ তারিখ সোমবার ওয়াজেদ আলী (৬৫) একজন বৃদ্ধা দুপুর ২ টায় মাথাভাঙ্গা নদীতে গোসল করতে গিয়ে দুই দিন ধরে নিখোঁজ হয়।

স্থানীয় এলাকাবাসী নদীতে অনেক খোজাখুজির পরেও তার কোনো খোঁজ পায়নি। পরে ২২ তারিখ মঙ্গলবার সকালে স্থানীয় লোকজন খোঁজাখুঁজি সময় একজনের পায়ে বাদে এরপর ও তারা তাকে উদ্ধার করতে পারেনি, আর বিষয়টি বাংলাদেশ-ভারত সীমান্ত বলে পরবর্তীতে আর কোন খোঁজার সুযোগ হয়নি।

বিজিবি ক্যাম্প ইনচার্জ বলেন, এটি একটি আন্তর্জাতিক বিষয় উপর লেভেলের অনুমতি ছাড়া এই কাজ করা সম্ভব নয় ।

ফায়ার সার্ভিসের সাব অফিসার হাফিজুর রহমান বলেন, এখানকার পরিস্থিতি দেখে মনে হচ্ছে লাশটি ভেসে ভারতে চলে গেছে এজন্য আমি আমার উপরের লেভেলের কর্মকর্তার সাথে কথা বলে এখন আমি আমার কর্মস্থলে ফিরে যাচ্ছি।

এ বিষয়ে পারিবারিক সূত্রে জানা গেছে দামুড়হুদা উপজেলার পারকৃষ্ণপুর মদনা ইউনিয়নের কামারপাড়া বারাদি বিজিবি ক্যাম্প সংলগ্ন পিতা মৃত আক্কাচ আলী মন্ডল এর ছেলে ওয়াজেদ আলী বাড়ি থেকে দুপুর দেড়টার সময় বের হয়ে মাথাভাঙ্গা নদীতে গোসল করতে যায় তার আসতে দেরি হয় দেখে অনেক খোঁজাখুঁজি করা হয় কিন্তু তার কোন খোঁজ মেলেনি, পরিবারে বইছে শোকের ছায়া।

দর্শনা থানার ওসিকে প্রেসক্লাবের শুভেচ্ছা

চুয়াডাঙ্গা জেলার দর্শনা থানার ওসি মাহবুবুর রহমান কাজল চতুর্থ বারের মতো চুয়াডাঙ্গা জেলার শ্রেষ্ঠ অফিসার ইনচার্জ হিসেবে মনোনীত হওয়ায় দর্শনা প্রেসক্লাবে ফুল দিয়ে শুভেচ্ছা জানানো হয়েছে।

গতকাল সন্ধ্যা সাড়ে ৭ টার দিকে দর্শনা প্রেসক্লাবের নিজস্ব হলরুমে তাকে ফুলের শুভেচ্ছা জানানো হয়। গত শনিবার চুয়াডাঙ্গা পুলিশ লাইনের গ্রীল সেটে মাসিক কল্যাণ সভা এবং পুরস্কার বিতরণ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

জুলাই ও আগস্ট ২০২০ মাস সহ আগামী দিনগুলোতে ও এই সফলতা ধরে রাখার জন্য চুয়াডাঙ্গা জেলার মানবিক পুলিশ সুপার জনাব মোঃ জাহিদুল ইসলাম ওসি মাহবুবুর রহমান কাজল অফিসার ইনচার্জ দর্শনা থানা এর হাতে উপহার হিসেবে ক্রেস্ট এবং নগদ ২০,০০০ টাকা এবং সম্মাননা সার্টিফিকেট তুলে দেন।

শুভেচ্ছা অনুষ্ঠানটি দর্শনা প্রেসক্লাবের সভাপতি মনিরুজ্জামান ধীরুর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্হিত ছিলেন চারবারের শ্রেষ্ঠ মনোনীত দর্শনা থানার ওসি মাহবুবুর রহমান কাজল।

বিশেষ অতিথি ছিলেন দর্শনা থানার ওসি (তদন্ত) শেখ মাহবুবুর রহমান ছিলেন দর্শনা প্রেসক্লাবের সেক্রেটারি আওয়াল হোসেন, মাই টিভির চুয়াডাঙ্গা জেলা প্রতিনিধি ইকরামুল হক পিপুল, মেহেরপুর প্রতিদিন পত্রিকার দর্শনা ব্যুারো প্রধান আহসান হাবীব মামুন, হারুন আর রশিদ রাজু,হানিফ মন্ডল, জাহিদুল ইসলাম, সুমন,মেহেদি হাসান,রয়েল,আব্দুর রহমান অনিক,আব্দুল হান্নান,বাধন,রিফাত, কচি, আফজালুল হক বাদল, ফরহাদ হোসেন সহ দর্শনা প্রেসক্লাবের সকল সাংবাদিক বৃন্দ।